

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংকিং প্রবিধি ও নীতিবিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩

০৮ এপ্রিল ২০২০

তারিখঃ-----

২৫ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২২ মার্চ ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২) উক্ত সার্কুলারের ১৩ নং ক্রমিকে বর্ণিত রয়েছে যে, 'ব্যাংকিং কার্যক্রম ব্যতিত দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থীদের ব্যাংকে আগমন নিরুৎসাহিত করতে হবে। ব্যাংকে উপস্থিত সকলের মধ্যে যাতে নির্দিষ্ট দূরত্ব (WHO এর গাইডলাইন অনুযায়ী) বজায় থাকে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।' লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর নির্দিষ্ট দূরত্ব বজায় রাখছেন না। এক্ষণে পুনরায় নির্দেশনা দেয়া যাচ্ছে যে, ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর যাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করা যেতে পারে।

৩) এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৪) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ মকবুল হোসেন

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২৬৮